



সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) হালনাগাদকরণ, বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী


সভাপতি : আবু সাঈদ  
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)  
ও  
সভাপতি, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) হালনাগাদকরণ, বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটি  
স্থান : জেলা প্রশাসক, খাগড়াছড়ি-এর সম্মেলন কক্ষ।  
তারিখ ও সময় : ২২ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ, বেলা ১১:৩০ টা।

সভায় উপস্থিত কর্মকর্তা/ব্যক্তিবর্গের তালিকা পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) হালনাগাদকরণ, বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটির সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা সহকারী কমিশনার, সাধারণ শাখা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অতঃপর সভাপতি এ বিষয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) হালনাগাদকরণ, বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটির উপস্থিত সকল সদস্যের মতামত আহ্বান করেন। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

- সিদ্ধান্তঃ ১। সিটিজেন্স চার্টার এর বাস্তবায়ন বিষয়ে প্রতি ০৩(তিন)মাস অন্তর সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।  
সিদ্ধান্তঃ ২। প্রতি ০৩(তিন)মাস অন্তর স্ব-স্ব শাখার তথ্যাদি হালনাগাদকরণসহ প্রতিবেদন দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।  
সিদ্ধান্তঃ ৩। সহকারী কমিশনার, আইসিটি, হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার ওয়েব পোর্টালে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।  
সিদ্ধান্তঃ ৪। আগামী ২৬ ডিসেম্বর ২০২১ খ্রি. তারিখ সকাল ১১:০০ ঘটিকায় স্টেকহোল্ডারদের সমন্বয়ে সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদস্য-সচিবকে অনুরোধ করা হয়।  
সিদ্ধান্তঃ ৫। আগামী ২৮ ডিসেম্বর ২০২১ খ্রি. তারিখ সকাল ১১:০০ ঘটিকা থেকে বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) বাস্তবায়ন বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদস্য-সচিবকে অনুরোধ করা হয়।

পরিশেষে আলোচ্য কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

  
(আবু সাঈদ) ২২/১২/২১

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)

ও

সভাপতি


সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার)  
হালনাগাদকরণ, বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটি

স্মারক নম্বরঃ ০৫.৪২.৪৬০০.০০২.০৬.০০১.২১- ২৮-৪৬

তারিখঃ ০৭ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ  
২২ ডিসেম্বর ২০২১ খ্রি.

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

- ১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।  
২। সহকারী কমিশনার, রাজস্ব/স্থানীয় সরকার/শিক্ষা ও কল্যাণ/নেজারত/জুডিশিয়াল মুন্সিখানা শাখা, এ অফিস।  
৩। সহকারী কমিশনার,-----শাখা, এ অফিস।  
৪। জেলা প্রশাসক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে তঁর গোপনীয় সহকারী, এ অফিস।

  
(মোঃ এরফান উদ্দিন)

সহকারী কমিশনার

ও

সদস্য-সচিব

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার)  
হালনাগাদকরণ, বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটি  
খাগড়াছড়ি পার্বত্য জেলা।